S.A (D.M)
Rufaiel
17-11-25

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৯.২৪-৩৬২

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

## দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ
(বিভাগীয় মামলা নং-০৮/২০২৪)

যেহেতু, আপনি ডি. এম. রেজাউল করিম (৪১৭১৬৪৩৮), অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা গত ১৮.০৪.২০২৪ তারিখে একদিনের ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি অফিসে অনুপস্থিত রয়েছেন মর্মে নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ০৫.০৫.২০২৪ তারিখের ১৭.০১.০০০০.১০৯.৫৭.০১১.২৩-৩৫৫ নং স্মারকে আপনার বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট থেকে মোবাইল ফোনে আপনার সাথে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও আপনার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়; পরবর্তীতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে আপনার প্রদত্ত ছবি ও স্ট্যাটাস থেকে জানা যায়, আপনি সপরিবারে কানাডায় গমন করেছেন; আপনি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বহিঃবাংলাদেশ গমন করেছেন এবং কর্তৃপক্ষের বিনানুমতিতে একাধারে ৬০(ষাট) দিনের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উক্তরূপ কর্মকান্ড শৃঙ্খলার পরিপন্থী হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' ও বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৮/২০২৪ রুজু করা হয়;

যেহেতু, নির্বাচন কমিশন সচিবালয়ের ৩০.০৭.২০২৪ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৯.২৪.১৩৭(১) নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড ডাকযোগে আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরিত হলে তা আপনি বা আপনার পক্ষ হতে কেউ গ্রহণ না করায় ডাক ফেরত আসে; আপনি নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগনামার জবাব দাখিল না করায় কিংবা ব্যক্তিগত শুনানির আবেদন না করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয়; নির্বাচন কমিশন সচিবালয়ের ২২.১২.২০২৪ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০১৯.২৪-২৬৫ নং স্মারকে জনাব মোঃ নাজমুল কবীর, সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়-কে মামলাটির তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা আপনাকে তদন্তকালে উপস্থিত থাকার জন্য নোটিশ করলেও আপনি তদন্তস্থলে উপস্থিত হননি, আপনার মোবাইল ফোন ০১৭১৫৩৮৮১২৬ নম্বরে কল করলে আপনার শাশুড়ি পরিচয়ে একজন মহিলা কল রিসিভ করে জানান যে, আপনি সপরিবারে কানাডা চলে গিয়েছেন এবং অফিসে রক্ষিত হাজিরা খাতা অনুযায়ী আপনি ২১.০৪.২০২৪ তারিখ হতে একাধারে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে উল্লেখ পূর্বক আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য মর্মে ০৬.১১.২০২৫ তারিখের ১৭.০০.০০০০.০১৬.১৬.০০৬.২১-৫০১ নং স্মারকের প্রতিবেদন প্রদান করেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অপরাধ গুরুতর বিধায় আপনাকে দোষী সাব্যস্ত করে আপনার বিরুদ্ধে গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, আপনি ডি. এম. রেজাউল করিম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩) মোতাবেক কেন আপনাকে চাকুরি হতে অপসারণ বা বরখাস্ত করা হবে না কিংবা উক্ত বিধি অনুযায়ী অন্য কোন গুরুদন্ড আরোপ করা হবে না এই দ্বিতীয় কারণ দর্শানোর লিখিত জবাব এই নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। সেই সাথে ১ম কারণ দর্শানোর নোটিশ (অভিযোগনামা ও অভিযোগ বিবরণী) এবং তদন্ত কর্মকর্তার প্রতিবেদনের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১. অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ০২ ফর্দ।
২. তদন্ত প্রতিবেদন ০৩ ফর্দ।

১৩.১১.২৫
ডি এম আতিকুর রহমান
যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)

ডি. এম. রেজাউল করিম (৪১৭১৬৪৩৮)
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
বর্তমান ঠিকানা: ১/৫, শ্যামলী, স্টেট নং-১, উপজেলা/থানা-আদাবর, ঢাকা
স্থায়ী ঠিকানা: গ্রাম: মধ্যকাটিয়া, পোস্ট: সাতক্ষীরা, উপজেলা: সাতক্ষীরা সদর, সাতক্ষীরা



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব.........(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .................................(সকল)
০৭। উপসচিব ............................(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার .........................................(সকল)
০৯। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১০-১৩। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫। থানা নির্বাচন অফিসার, মোহাম্মদপুর, ঢাকা (দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ অভিযুক্ত কর্মচারীর সর্বশেষ জ্ঞাত বাসস্থানের কোনো দৃষ্টিগোচর স্থানে টাঙ্গিয়ে জারি নিশ্চিত করে ইন্টারনাল সাইটে অত্র শাখায় অবগত করার অনুরোধসহ)
১৬। উপজেলা নির্বাচন অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা (দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ অভিযুক্ত কর্মচারীর সর্বশেষ জ্ঞাত বাসস্থানের কোনো দৃষ্টিগোচর স্থানে টাঙ্গিয়ে জারি নিশ্চিত করে ইন্টারনাল সাইটে অত্র শাখায় অবগত করার অনুরোধসহ)
১৭। থানা/উপজেলা নির্বাচন অফিসার,.......................................(সকল)
১৮। অভিযুক্ত কর্মচারী ডি. এম. রেজাউল করিম (৪১৭১৬৪৩৮) এর ই-মেইল dmrezaulkarim@gmail.com.